দৈনিক খবর

তারিখ 03 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৭

১৩

২৬

## ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ কর্মবিরতি প্রত্যাহার

# ৭ ডিসেম্বর থেকে শিক্ষকরা ক্লাসে যোগ দেবেন

।।বিশ্ববিদ্যালয়রিপোর্টার।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ কর্মবিরতি প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছেন। তারা আগামী ৭ই ডিসেম্বর থেকে পুনরায় ক্লাসসমূহ গ্রহণ করবেন।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। একই সাথে সমিতির নেতৃবৃন্দ আগামী ৬ই ডিসেম্বরের মধ্যে সরকার ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে সন্ত্রাস বন্ধের কার্যকর ব্যবস্থা গ্রহণের আবান জানান। তারা বলেন; বিশ্ববিদ্যালয় খোলার পর যদি কোন সন্ত্রাসী ঘটনা ঘটে এর দায়-দায়িত্ব সরকার ও কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকল মহলকে গ্রহণ করতে হবে। এ যাবৎ সরকার সন্ত্রাস বিরোধী কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় সমিতির নেতৃবৃন্দ

২ এর পাতায় দেখুন

## ৭ ডিসেম্বর থেকে

প্রথম পৃষ্ঠার পর

ক্ষোভ প্রকাশ করেন।

গত ২রা অক্টোবর থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সন্ত্রাস বন্ধের দাবীতে ও শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতির ডাক দেয়। তখন বলা হয়েছিল, ছাত্র-শিক্ষক কর্মচারীদের পুরো নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ না করা পর্যন্ত এ কর্মবিরতি চলবে। পরে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি পরীক্ষাসমূহ কর্মবিরতির আওতাবহির্ভূত করেন।

উল্লেখ্য, গত ২৭শে অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দু'দল ছাত্রের মধ্যে রক্তক্ষয়ী বন্দুক যুদ্ধে ৪ জন নিহত হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১০ দিনের জন্য ক্লাস ও পরীক্ষাসমূহ স্থগিত ঘোষণা করেছিলেন। পরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্মবিরতির সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন।